বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
**প্রধান কার্যালয়**
ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-০২

তারিখ ঃ ১৯ জানুয়ারী, ২০২০ / ০৫ মাঘ, ১৪২৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**নিত্য প্রয়োজনীয় পণ্য আমদানি কার্যক্রম নির্বিঘ্নে ও দ্রুত গতিতে সম্পন্ন করা প্রসংগে।**

বাণিজ্য মন্ত্রণালয়ের ০৮.০১.২০২০ তারিখের স্মারক নং- ২৬.০০.০০০০.১১৩.০৫৮.০৩০.১১.১৩ (কপি সংযুক্ত) এবং এস.আর.ও. নং-২৫৯-আইন/২০১২ তারিখঃ ১৫.০৭.২০১২ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিদ্যমান বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় অনুসৃত বিধিবিধান পরিপালন সাপেক্ষে আমদানিযোগ্য পণ্য আমদানির নিমিত্তে ঋণপত্র স্থাপনের বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংকের অনুকূলে সাধারণ প্রাধিকার জ্ঞাপিত রয়েছে।

০৩। স্থানীয় বাজারে নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে উপরিউক্ত এস.আর.ও তে উল্লিখিত সকল পণ্যের আমদানিকারকদেরকে বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় অনুসরণীয় বিধিবিধান পরিপালন সাপেক্ষে আমদানি ঋণপত্র স্থাপন ও আমদানির ক্ষেত্রে যাবতীয় কার্যক্রম নির্বিঘ্নে ও দ্রুত গতিতে সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আপনাদের সকল অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১২৩

| গভর্নর মহোদয়ের দপ্তর, বাংলাদেশ ব্যাংক | |
|---|---|
| ডাইরী নং- ২৯৬ | তারিখ ঃ ০৯/০১/২০২০ |
| ডেপুটি গভর্নর-১ | ☐ জরুরী |
| ডেপুটি গভর্নর-২ | ☐ দ্রুত ব্যবস্থা নিন |
| ডেপুটি গভর্নর-৩ | ☐ দ্রুত আলোচনা করুন |
| নির্বাহী পরিচালক- | ☐ পরীক্ষাপূর্বক উপস্থাপন করুন |
| এমআরএ/এসপিসিবিএল | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| জিএম | ☐ উপস্থাপন করুন |
| | স্বাক্ষর ঃ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আই আই টি উইং
অবা-৩ অধিশাখা
**www.mincom.gov.bd**

স্মারক নম্বর-২৬.০০.০০০০.১১৩.০৫৮.০৩০.১১.১৩

তারিখ: ২৪ পৌষ ১৪২৬
০৮ জানুয়ারি ২০২০

বিষয়: নিত্যপ্রয়োজনীয় পণ্য আমদানি কার্যক্রম নির্বিঘ্নকরণে দ্রুত ব্যবস্থা গ্রহণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিত্যপ্রয়োজনীয় পণ্য আমদানি নির্বিঘ্নকরণের লক্ষ্যে ১৭ টি নিত্যপ্রয়োজনীয় পণ্যের তালিকা এ সাথে সংযুক্ত করা হলো। নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার স্বাভাবিক রাখার ক্ষেত্রে এ সকল পণ্য আমদানির ক্ষেত্রে যাবতীয় কার্যক্রম নির্বিঘ্নে ও দ্রুত গতিতে সম্পন্ন করার জন্য সকল ব্যাংককে নির্দেশনা প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
ডায়রী নং ৬৫৮
তারিখ ১৪/০১/২০২০

(জিন্নাত রেহানা)
উপসচিব
ফোন: ৯৫৪৯৫৭১
Iit3@mincom.gov.bd

গভর্ণর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে:
১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (আইআইটি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৯, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

## আদেশ

তারিখ, ৩১ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/১৫ জুলাই ২০১২ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ২৫৯-আইন/২০১২।**—The Control of Essential Commodities Act, 1956 (Act No. I of 1956) এর section 2 এর sub-section (a) এর clause (xxiv) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত টেবিলে উল্লিখিত পণ্যসমূহকে এতদ্দ্বারা অত্যাবশ্যকীয় পণ্য (Essential Commodities) হিসাবে ঘোষণা করিল, যথা ঃ—

টেবিল

| Sl. No. | Heading | H.S. Code | Description |
|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) |
| i. | | 0703.10 | Onion (পিঁয়াজ) |
| ii. | | 0703.20 | Garlic (রসুন) |
| iii. | | 0713.40 | Lentils (মশুর ডাল) |
| iv. | | 0713.20 | Chickpeas (ছোলা) |

| (1) | (2) | (3) | (4) |
|---|---|---|---|
| v. | | | **Spices :** |
| | 09.04 | | (a) Dried chilies (শুকনা মরিচ) |
| | 09.06 | | (b) Cinnamon/Cassia (দারুচিনি) |
| | 09.07 | | (c) Clove (লবঙ্গ) |
| | | 0908.33 | (d) Cardamom (এলাচ) |
| | | 0909.23 | (e) Seeds of coriander (ধনে) |
| | | 0909.33 | (f) Seeds of cumin (জিরা) |
| | | 0910.11 | (g) Ginger (আদা) |
| | | 0910.30 | (h) Turmeric (হলুদ) |
| | | 0910.99 | (i) Bay leaves (তেজপাতা) |
| vi. | 15.07 | | Edible soya bean oil (সয়াবিন তেল) |
| vii. | 15.11 | | Edible palm oil (পাম ওয়েল) |
| viii. | 17.01 | | Sugar (চিনি) |
| ix. | 25.01 | | Edible salt, excluding beet salt [খাবার লবণ (বিট লবণ ব্যতীত)] |

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শওকত আলী ওয়ারেছী**
যুগ্ম-সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd